



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাথমিক শিক্ষা অফিস
রাজশাহী।
www.dpe.rajshahi.gov.bd




স্মারক নং-৩৮.০১.৮১০০.০০০.০০.৫৭.২০২৩- ৬১০৭/১২

তারিখ: ৩০/১১/২০২৩ খ্রি:।

বিষয়: বেসরকারি প্রাথমিক বিদ্যালয় নিবন্ধন বিধিমালা, ২০২৩ প্রসংগে।

সূত্র : প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকায় গত ১৯/১১/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত কর্মশালার সিদ্ধান্তক্রমে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১১ নভেম্বর, ২০২৩ খ্রি. তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত “বেসরকারি প্রাথমিক বিদ্যালয় নিবন্ধন বিধিমালা, ২০২৩” এর আলোকে এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকায় গত ১৯/১১/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত কর্মশালার সিদ্ধান্ত অনুযায়ী তাঁর উপজেলায় উক্ত বিধিমানার আওতাধীন সকল বেসরকারি প্রাথমিক বিদ্যালয়কে “বেসরকারি প্রাথমিক বিদ্যালয় নিবন্ধন বিধিমালা, ২০২৩” অনুসরণ করে পাঠদানের অনুমতি গ্রহণের জন্য আগামী ৩০ ডিসেম্বর, ২০২৩ খ্রি. তারিখের মধ্যে আবেদনসহ প্রয়োজনীয় কাগজপত্র নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিদ্যালয়কে অবহিত করার অনুরোধ করা হলো।


(মোঃ সাইদুল ইসলাম)

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
রাজশাহী।

ফোন নম্বর-০২৫৮৮৮৫২১৮৭

Email: dpeorajsh@gmail.com

উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল),
জেলা-রাজশাহী।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
[দৃষ্টি আকর্ষন- সহকারী পরিচালক (বিদ্যালয়-২)]
- ২। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৩। অফিস কপি।